

তারিখ ... ..  
... ..

## কলাপাড়ায় ১৬টি স্কুলের নির্মাণ কাজ মুখ থুবড়ে পড়েছে

নিজস্ব সংবাদদাতা, কলাপাড়া থেকে ৯  
প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায়  
কলাপাড়ায় ১৬টি রেজিস্টার্ড  
বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের  
নির্মাণকাজ মুখ থুবড়ে পড়েছে। কবে  
নাগাদ এসব বিদ্যালয় ভবনের অসমাপ্ত  
কাজ শেষ হবে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ  
স্থানীয় সরকার প্রকৌশল বিভাগও  
বলতে পারছে না। ফলে  
বিদ্যালয়গুলোতে পাঠরত প্রায় পাঁচ  
হাজার শিশুর বাধ্যতামূলক প্রাথমিক  
শিক্ষা বিঘ্নিত হচ্ছে। কারণ ১৬টি  
বিদ্যালয়ের প্রায় সর্ব ক'টিরই ক্লাস  
নেয়ার ভবন কিংবা ঘর নেই।  
কলাপাড়ায় স্থানীয় সরকার প্রকৌশল  
বিভাগ এ ১৬টি বিদ্যালয়ের ভবন  
নির্মাণের কার্যদেশ প্রদান করে গত  
দুই হাজার সালের আগস্টে। ২০০২  
সালের মে মাসে কাজ শেষ হওয়ার  
কথা। অধিকাংশ বিদ্যালয় ভবনের  
কাজ ৬০ থেকে ৯০ ভাগ সম্পন্ন  
হয়েছে। কিন্তু ঠিকাদাররা বিল না  
পেয়ে কাজ অসমাপ্ত অবস্থায় ফেলে  
রাখে। এ ১৬টি বিদ্যালয় ভবনের  
মধ্যে দু'টির সম্প্রসারণ কক্ষ নির্মাণের  
কাজও রয়েছে।  
এ বাবদ মোট নির্মাণ ব্যয় ধরা হয়  
এক কোটি আট হাজার টাকা। কিন্তু  
বরাদ্দ পাওয়া গেছে মাত্র ২০ লাখ  
টাকা। আর ৮৮ লাখ টাকা কবে  
নাগাদ মিলবে তা সংশ্লিষ্ট এলজিইডি  
ডিপার্টমেন্টও জানে না। ফলে  
ঠিকাদাররা অনিশ্চয়তার মধ্যে পড়ে  
কাজ বন্ধ করে দিয়েছে।  
সরেজমিনে ঘুরে দেখা গেছে, ভবন  
সমস্যার কারণে অধিকাংশ বিদ্যালয়ের  
শিশুরা কোন বাড়ি কিংবা খোলা মাঠে  
ক্লাস করছে। আবার কোথাও  
লেখাপড়া বন্ধ রয়েছে। আসন্ন বর্ষা  
মৌসুমে এসব বিদ্যালয়ের শিশুদের  
লেখাপড়া সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যাবার  
আশঙ্কা দেখা দিয়েছে।